গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়
গাজীপুর।
www.food.gazzipur.gov.bd

স্মারক নং- ১৩.০১.৩৩০০.০০৩.৫৭.১৫৮.২৩. ২২৯ — তারিখঃ ১২/১১/২০২৪ খ্রিঃ

বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, খোলাবাজারে খাদ্যশস্য বিক্রয় (ওএমএস) নীতিমালা-২০২৪ এবং গাজীপুর জেলা ওএমএস কমিটির ০৫/১১/২০২৪খ্রি. তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত মোতাবেক ওএমএস কার্যক্রমের আওতায় গাজীপুর মহানগরে খোলাবাজারে দরিদ্র জনসাধারণের মাঝে সরকার কর্তৃক নির্ধারিত মূল্যে চাল ও আটা বিক্রির জন্য নিম্নোক্ত ৪০টি বিক্রয়কেন্দ্র/এলাকায় ০১ (এক) জন করে ওএমএস ডিলার নিয়োগ করা হবে। ডিলার নিয়োগ লাভে আগ্রহী ব্যাক্তিবর্গ/ব্যবসায়ীগণকে নিম্নস্বাক্ষরকারী বরাবরে আবেদন করার জন্য অনুরোধ করা যাচ্ছে।

১। আবেদনপত্র প্রাপ্তির স্থান	জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, গাজীপুর
২। আবেদনপত্রের মূল্য	৫০০/- (পাঁচশত) টাকা
৩। আবেদনপত্র প্রাপ্তির তারিখ	১৭-১১-২০২৪খ্রি. হতে ২১-১১-২০২৪খ্রি. পর্যন্ত
৪। আবেদনপত্র জমাদানের শেষ তারিখ	১৭-১১-২০২৪খ্রি. হতে ২১-১১-২০২৪খ্রি.পর্যন্ত (শেষ দিন ২১/১১/২০২৪খ্রি. ২:০০ টা পর্যন্ত)
৫। আবেদনপত্র জামাদানের স্থান	জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, গাজীপুর
৬। আবেদনপত্র যাচাই-বাছাই এর সময়সীমা	২১-১১-২০২৪খ্রি. হতে ২৪-১১-২০২৪খ্রি.
৭। যোগ্য ও অযোগ্য তালিকা প্রকাশ	২৫-১১-২০২৪খ্রি.
৮। ডিলার নির্বাচনী সভা/লটারীর তারিখ, সময় ও স্থান	২৬-১১-২০২৪খ্রি. সকাল ১০:০০ ঘটিকা জেলা প্রশাসক, গাজীপুর মহোদয়ের সম্মেলন কক্ষ

ওএমএস বিক্রয় কেন্দ্রের তালিকাঃ (১) শিববাড়ী, জয়দেবপুর, (২) জয়দেবপুর বাজার, (৩) কালাসিকদারের ঘাট, গাজীপুর মহানগর, (৪) কোনাবাড়ী বাজার, (৫) রথখোলা (মাধববাড়ী), (৬) সালনা বাজার, (৭) শিমুলতলী বাজার , (৮) চান্দনা চৌরাস্তা , (৯) চন্তর বাজার, (১০) নাওজোড়, কড্ডা, (১১) মালেকের বাড়ী, (১২) এরশাদ নগর, টংগী (হোসেন মার্কেট), (১৩) বোর্ড বাজার , (১৪) এরশাদ নগর বড় বাজার, টংগী, (১৫) চেরাগ আলী/সুরতরঙ্গ রোড, (১৬) মাজার রোড টংগী বাজার, (১৭) বৌ-বাজার, টংগী, গাজীপুর, (১৮) ফকির মার্কেট, বিসিক, টংগী, (১৯) টংগী রেল ষ্টেশন, (২০) টি এন্ড টি গেইট, মরকুন, টংগী, (২১) পুবাইল কলেজ গেইট, গাজীপুর, (২২) মাজুখান বাজার, গাজীপুর, (২৩) কলের বাজার, গাজীপুর, (২৪) বনমালা রোড, টংগী, (২৫) সামন্তপুর, তরতপাড়া, (২৬) জিরানী বাজার, কাশিমপুর, (২৭) মুদাফা, টংগী, (২৮) হাজী গফুর মার্কেট, মরকুন, টংগী, (২৯) জয়ের টেক, কোনাবাড়ী, (৩০) জেলখানা রোড বাজার, গাজীপুর, (৩১) পূর্ব আরিচপুর, টংগী, (৩২) টেকনগপাড়া, গাজীপুর, (৩৩) ধীরাশ্রম বাজার, (৩৪) মীরের বাজার, গাজীপুর, (৩৫) সাতাইশ বাজার, গাজীপুরা, টংগী, (৩৬) শ্মশানঘাট, উত্তর ছায়াবিথী, (৩৭) কাশিমপুর বাজার, গাজীপুর, (৩৮) সিটি গার্মেন্টস, কোনাবাড়ী, গাজীপুর, (৩৯) স্ট্যান্ডার্ট স্টিচেস লিঃ (ওভেন ইউনিট), বাইমাইল, কোনাবাড়ি, (৪০) তুষুকা গার্মেন্টস লিঃ, কোনাবাড়ী, গাজীপুর।

আবেদনের সাথে নিম্নবর্ণিত তথ্যাদি/কাগজপত্রের কপি সংযুক্ত করতে হবেঃ
(ক) পাসপোর্ট সাইজের ছবি ০২ (দুই) কপি; (খ) ফুডগ্রেইন লাইসেন্স এর ফটোকপি; (গ) ব্যাংক কর্তৃক প্রদত্ত আর্থিক স্বচ্ছলতার সনদপত্র; (ঘ) দোকানের মালিকানা/ভাড়া সংক্রান্ত কাগজপত্রের ফটোকপি; (ঙ)জাতীয় পরিচয়পত্রের ফটোকপি; (চ) নাগরিকত্ব সনদপত্রের ফটোকপি; (ছ) হালনাগাদ ট্রেড লাইসেন্স এর ফটোকপি; (জ)অঙ্গীকারনামা; (ঞ)আয়কর প্রত্যয়নপত্রের ফটোকপি।

ওএমএস ডিলার হিসেবে আবেদনের যোগ্যতাঃ
১। বাংলাদেশের জাতীয় পরিচয়পত্র প্রাপ্ত ১৮ (আঠার) বছরের উর্ধ্বে যেকোন নাগরিক আবেদন করতে পারবেন;
২। গাজীপুর সিটি কর্পোরেশন এর হালনাগাদ/নবায়নকৃত ট্রেড লাইসেন্সধারী হতে হবে;
৩। খাদ্যশস্যের লাইসেন্স প্রাপ্ত ব্যবসায়ী হতে হবে এবং লাইসেন্স হালনাগাদ থাকতে হবে;
৪। নির্ধারিত বিক্রয়কেন্দ্রের সন্নিকটে ০৩ (তিন) মে.টন খাদ্যশস্য সংরক্ষণের উপযোগী সংরক্ষনাগার থাকতে হবে। দোকানের মেঝে পাকা হতে হবে;
৫। আবেদনকারীকে মালামালের হিসাব সংরক্ষণে সক্ষম হতে হবে;
৬। নিজস্ব ব্যবস্থাপনায় সরকার কর্তৃক নির্ধারিত স্থানে (ট্রাকে/দোকানে) খাদ্যশস্য বিক্রয়ে সক্ষম ও সম্মত হতে হবে;
৭। ডিলারশীপ প্রাপ্ত হলে "নিজ ডিলারশীপ ব্যতীত অন্য ডিলারের প্রতিনিধিত্ব করবেন না" মর্মে অঙ্গীকারনামা দাখিল করতে হবে"
৮। ওএমএস ডিলার অথবা তার প্রতিনিধির স্মার্ট ফোন/তথ্য সংগ্রহের উপযোগী ইলেকট্রনিক্স ডিভাইস থাকতে হবে এবং ওএমএস সংশ্লিষ্ট অ্যাপস ব্যবহারে সক্ষমতা থাকতে হবে;
৯। খোলা বাজারে খাদ্যশস্য বিক্রয় (ওএমএস) নীতিমালা-২০২৪ অনুযায়ী লাইসেন্স প্রাপ্ত ও বিদ্যমান ডিলারগণ খোলা বাজারে খাদ্যশস্য বিক্রয় (ওএমএস) নীতিমালা-২০২৪ অনুযায়ী আবেদনের অযোগ্য না হলে নতুনভাবে আবেদন করতে পারবেন।
১০। আবেদনকারী যে বিক্রয় কেন্দ্রের ডিলারশীপের জন্য আবেদন করবেন উহার নাম আবেদনপত্রে এবং খামের উপর উল্লেখ করতে হবে। একজন আবেদন কারী শুধুমাত্র একটি বিক্রয় কেন্দ্রের ডিলারশীপের জন্য আবেদন করতে পারবেন।

অযোগ্যতাঃ
১। খাদ্য অধিদপ্তরের কোন ডিলার/মিলার/ঠিকাদার পূর্বে শাস্তিপ্রাপ্ত, কালো তালিকাভুক্ত বা যেকোনো অনিয়মের কারণে ডিলারশীপ বাতিল হলে তিনি ওএমএস ডিলারের জন্য আবেদন করতে পারবেন না;
২। খাদ্য আধিদপ্তরের নিয়ন্ত্রণাধীন খাদ্যবান্ধব কর্মসূচীতে অন্তর্ভূক্ত ডিলারগণ আবেদন করতে পারবেন না;
৩। প্রজাতন্ত্রের লাভজনক পদে অধিষ্ঠিত কোনো কর্মকর্তা/কর্মচারী/জনপতিনিধি ডিলার হতে পারবেন না;
৪। নিজ ডিলারশিপ ব্যতীত অন্য কোন ডিলারের প্রতিনিধিত্বকারীগন আবেদনের অযোগ্য মর্মে বিবেচিত হবেন;

চলমান পাতা-০২

নিয়মাবলী/শর্তাবলীঃ

১। ওএমএস ডিলারশীপ প্রাপ্তির জন্য নির্ধারিত আবেদন ফরমে আবেদন করতে হবে। অফেরতযোগ্য ৫০০/- (পাঁচশত) টাকা নগদ মূল্যে জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, গাজীপুর হতে ১৭ নভেম্বর হতে ২১ নভেম্বর ২০২৪খ্রি. পর্যন্ত (প্রতি কর্ম দিবসে সকাল ১০:০০ টা হতে বিকাল ৫:০০) টা পর্যন্ত আবেদন ফরম সংগ্রহ করা যাবে। ক্রয়কৃত আবেদন ফরম এর সাথে নির্ধারিত বিক্রয় কেন্দ্র সমূহের তালিকা এবং ফরম ক্রয়ের রশিদ সরবরাহ করা হবে;

২। ১৭ নভেম্বর হতে ২১ নভেম্বর ২০২৪খ্রি. (প্রতি কর্ম দিবস সকাল ১০:০০ টা হতে বিকাল ৫:০০ টা) আবেদনপত্র জমা দেয়া যাবে। তবে শেষ কর্মদিবস ২১-১১-২০২৪খ্রি. বেলা ২:০০ টা পর্যন্ত আবেদন জমা দেয়া যাবে। নির্ধারিত সময়ের পরে কোন আবেদন গৃহীত হবে না এবং বাতিলযোগ্য বিবেচিত হবে;

৩। আবেদনকারী যেকোন একটি বিক্রয় কেন্দ্রের বিপরীতে ডিলারশীপ প্রাপ্তির জন্য আবেদন করতে পারবেন। একাধিক বিক্রয় কেন্দ্রের জন্য আবেদন করা হলে আবেদন বাতিল বলে বিবেচিত হবে;

৪। আবেদনকারীর দোকান নিজস্ব হলে মালিকানা দলিল এবং ভাড়াকৃত হলে ভাড়ার চুক্তিপত্র আবেদনের সাথে দাখিল করতে হবে;

৫। ২১ নভেম্বর ২০২৪খ্রি. তারিখে বিকাল ৩:০০ ঘটিকায় জেলা প্রশাসক, গাজীপুর মহোদয়ের সম্মেলন কক্ষে জেলা ওএমএস কমিটির সম্মুখে প্রাপ্ত আবেদনসমূহ উন্মুক্ত করা হবে;

৬। অসম্পূর্ণ/ত্রুটিপূর্ণ আবেদন বাতিল মর্মে গণ্য হবে;

৭। নিয়োগপ্রাপ্ত ডিলাকে পে-অর্ডার আকারে ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা ফেরৎযোগ্য জামানত প্রদান করতে হবে এবং নির্ধারিত শর্তাবলী সংবলিত ৩০০/- টাকার (পরিবর্তনযোগ্য) নন-জুডিশিয়াল স্ট্যাম্পে অঙ্গীকারনামা জমা দিতে হবে;

৮। আবেদনকারী ডিলারশীপ প্রাপ্ত হলে "নিজ ডিলারশীপ ব্যতীত অন্য কোন ডিলারের প্রতিনিধিত্ব করবেন না" মর্মে অঙ্গীকারনামা দাখিল করতে হবে। এর ব্যত্যয় হলে উভয়ের ডিলারশিপ বাতিল করা হবে;

৯। ওএমএস ডিলারশীপ লাইসেন্স কোনক্রমেই হস্তান্তর করা যাবে না।

১০। ওএমএস ডিলার নিয়োগের বিষয়ে খোলা বাজারে খাদ্যশস্য বিক্রয় (ওএমএস) নীতিমালা-২০২৪, সংশ্লিষ্ট পরিপত্র এবং খাদ্য মন্ত্রণালয় ও খাদ্য অধিদপ্তর কর্তৃক এতদবিষয়ে জারিকৃত নির্দেশনা ও আদেশ প্রযোজ্য হবে।

এ বিজ্ঞপ্তি অত্র দপ্তরের ওয়েব সাইটে পাওয়া যাবে।

উল্লেখ্য, কর্তৃপক্ষ প্রয়োজনে এ বিজ্ঞপ্তি বা বিজ্ঞপ্তির যে কোন শর্ত পরিবর্তন, সংশোধন, সংযোজন বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

(মোঃ শফি আফজালুল আলম)
পরিচিতি নং ০৪০৩৭
জেলা খাদ্য নিয়ন্ত্রক (ভারপ্রাপ্ত)
গাজীপুর।
ফোনঃ ০২২২৪৪২৩৩৯২।
E-mail: dcf.gzp@dgfood.gov.bd

স্মারক নং- ১৩.০১.৩৩০০.০০৩.৫৭.১৫৮.২৩.২২২৮
তারিখঃ ২১ /১১/২০২৪ খ্রিঃ

অনুলিপিঃ সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
২। অতিরিক্ত মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
২। পরিচালক সরবরাহ বন্টন ও বিপণন বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
৩। পরিচালক প্রশাসন/চসসা/সংগ্রহ/প্রশিক্ষণ/পউকা/হিসাব ও অর্থ বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
৪। প্রধান নির্বাহী কর্মকর্তা, গাজীপুর সিটি কর্পোরেশন,গাজীপুর।
৫। জেলা প্রাশাসক, গাজীপুর।
৬। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, ঢাকা।
৭। পুলিশ সুপার, গাজীপুর।
৮। অতিরিক্তি জেলা প্রশাসক (সার্বিক), গাজীপুর।
৯। উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, গাজীপুর।
১০। উপজেলা নির্বাহী অফিসার, গাজীপুর সদর, গাজীপুর।
১১। সহকারী পরিচালক, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, গাজীপুর।
১২। উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, গাজীপুর সদর, গাজীপুর।
১৩। নোটিশ বোর্ড অত্র দপ্তর।

জেলা খাদ্য নিয়ন্ত্রক (ভারপ্রাপ্ত)
গাজীপুর।